

অন্যান্য বছরের মত এবছরও ৪-১০ মার্চ ‘জাতীয়-নিরাপত্তা সপ্তাহ’ উপলক্ষে আলোচনা সভা/ সেমিনার কেন্দ্রীয় ভাবে ঐ সময়ের মধ্যে করা সম্ভব হয়নি রাজ্য সম্মেলন থাকার কারণে। কিন্তু কর্মী নিরাপত্তার দিকটি গুরুত্ব দিয়ে, ইউনিয়নের পক্ষ থেকে উদ্যোগ গ্রহণ করা হয়েছে আগামী ১৯ শে এপ্রিল, ২০১২ বিদ্যুৎ ভবন অডিটোরিয়ামে একটি সেমিনারের আয়োজন করা হবে।

আমাদের ইউনিয়নের উদ্যোগে ১৯৯৮ সালের মে মাসে অনুষ্ঠিত সেমিনারের পরই তৎকালীন পর্ষদ অধুনা বস্টন ও সংবহন কোম্পানী এবং নিগমে কর্মী নিরাপত্তার বিষয়টি গুরুত্ব পেয়েছে। পূর্বে এই তিনটি ঝুঁকিবহুল সংস্থায় কর্মী নিরাপত্তা সম্পর্কে কোনরূপ ব্যবস্থা পর্যন্ত ছিল না। আমাদের ধারাবাহিক উদ্যোগের ফলে দুটি সংস্থায় কর্মী নিরাপত্তা সম্পর্কে দুটি বিভাগ চালু হলেও এ সম্পর্কে বিদ্যুৎ উন্নয়ন নিগমে ইতিবাচক উদ্যোগ নজরে আসেনি। এই তিনটি সংস্থায় দুর্ঘটনা নিরসনে সক্রিয় ভূমিকা গ্রহণে বিরাট দুর্বলতা রয়েছে, যার ফলে দুর্ঘটনা বেড়েই চলেছে। কর্তৃপক্ষের দুর্বলতা কাটানোর জন্য আমাদের ইউনিয়নকে সর্বস্তরে ধারাবাহিক প্রচেষ্টার মধ্যে দিয়ে নিরাপত্তা বিধি পালনে সচেতনতা গড়ে তুলতে হবে হবে।

এ বছরও গুরুত্ব সহকারে প্রতিটি কর্মস্থলে নিরাপত্তা সপ্তাহ পালন উপলক্ষে ব্যাজ ধারণ করতে ইতিমধ্যে বলা হয়েছিল।

ইউনিয়নের পক্ষ থেকে নিরাপত্তা বিষয়ে সচেতনতা গড়ে তোলার জন্য ধারাবাহিক উদ্যোগ নেওয়া সত্ত্বেও দুর্ঘটনার সংখ্যা কমেনি। বর্তমানে সহায়ক কর্মীরাই বেশি সংখ্যায় দুর্ঘটনায় পতিত হচ্ছেন।

প্রতিবছরের মত জাতীয় নিরাপত্তা সপ্তাহ পালন উপলক্ষে কেন্দ্রীয়স্তরে ১৯শে এপ্রিল, ২০১২ বেলা ৩টায় বিদ্যুৎ ভবন অডিটোরিয়ামে ইউনিয়নের উদ্যোগে নিরাপত্তা বিষয়ক সেমিনার সংগঠিত হবে। কাছের জেলাগুলি থেকে ব্যাপক সংখ্যায় জমায়ত ও দূরের জেলাগুলি থেকে প্রতিনিধিত্বমূলক উপস্থিতি সুনিশ্চিত করার জন্য অনুরোধ করা হচ্ছে।

বি.দ্র : উঃ ২৪ পরগনা - ২৫০ / দঃ ২৪ পরগনা - ১০০/ হুগলী - ১০০ / হাওড়া - ১০০ /নদীয়া - ৫০ /সদর দপ্তর-১৫০

(দীপক রায় চৌধুরী)
সাধারণ সম্পাদক

অনুলিপি :

সম্পাদক,.....জেলা/বিভাগীয় কমিটি